[redacted]

[redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

গতকাল শনিবার দর্শনা অঙ্কুর আদর্শ স্কুল মাঠে দর্শনা থানা মহিলা বিভাগের সেক্রেটারি রাশেদুন নাহার ববিতার সভাপতিত্বে অনুষ্ঠিত মহিলা সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে জেলা আমীর রুহুল আমিন উপরোক্ত কথা বলেন।

তিনি বলেন, দীর্ঘ নির্যাতনের পর এমন সময়ে আমরা নির্বাচনী কার্যক্রম হাতে নিয়েছি, যখন একজন স্ত্রী তার স্বামীকে খুঁজে পায় না, একজন বোন তার ভাইকে খুঁজে পায় না, একজন বাবা তার সন্তানকে খুঁজে পায় না।

জামায়াতে ইসলামী রাষ্ট্রক্ষমতায় আসলে সবার আগে মহিলাদের মর্যাদা নিশ্চিত করবে। কারণ একমাত্র ইসলামই মহিলাদের সম্মানের আসনে সমাসীন করেছে। আজ এক শ্রেণির মানুষ মহিলাদের ভুল বোঝানোর চেষ্টা করে যে ইসলাম মহিলাদের ঘরে আবদ্ধ রাখতে চায় এটা মিথ্যা প্রচারণা।

জাহেলিয়াতের সমাজে যখন কন্যাসন্তানকে জীবন্ত কবর দেওয়া হতো, তখন ইসলামী সমাজে কন্যাসন্তানের বাবা-মাকে জান্নাতী বলে ঘোষণা করা হয়েছে। আমরা রাষ্ট্রক্ষমতায় গেলে সমাজের প্রতিটি স্তরে নারীদের সম্মানজনক অবস্থান নিশ্চিত করবো। তাদের জন্য স্বতন্ত্র শিক্ষা প্রতিষ্ঠান এবং কর্মপরিবেশ নিশ্চিত করা হবে।

এ সময় আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের নির্বাচনী পরিচালক, জামায়াতের জেলা নায়েবে আমীর মাওলানা আজিজুর রহমান, জেলা সহকারী সেক্রেটারি আব্দুল কাদের। সভায় বক্তব্য রাখেন দর্শনা সাংগঠনিক থানা শাখার আমীর মাওলানা রেজাউল করিম।

এছাড়াও উপস্থিত ছিলেন দর্শনা পৌর শাখার আমীর সাহিকুল আলম অপু, থানা সহকারী সেক্রেটারি মাজহারুল ইসলাম ও জাহিদুল ইসলাম, এবং পৌর শাখার সেক্রেটারি শাহরিয়ার আলম দবির। অনুষ্ঠানে প্রায় ৫ সহস্রাধিক মহিলা নেতা-কর্মী অংশগ্রহণ করেন।

ঝিনাইদহে তথ্য অফিসের আয়োজনে মহিলা সমাবেশ

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ এবং মাদকাসক্তি, আত্মহত্যা, বাল্যবিবাহসহ বিভিন্ন সামাজিক ইস্যুতে জনগণকে সচেতন ও উদ্বুদ্ধ করার লক্ষ্যে ঝিনাইদহ জেলা তথ্য অফিসের আয়োজনে ঝিনাইদহ সদর উপজেলার বাজার গোপালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়।

মঙ্গলবার জেলা তথ্য অফিসার মোঃ আবুবকর সিদ্দীকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ৩২৭ সংরক্ষিত মহিলা আসনের জাতীয় সংসদ সদস্য খালেদা খানম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা কালচারাল অফিসার মোঃ জসিম উদ্দিন, জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াদ রায়হান আবির, যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক মোঃ মিজানুর রহমান, মধুহাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ আলতাফ হোসেন ও সহকারী উপজেলা শিক্ষা অফিসার মোঃ আলী হাসান।

অনুষ্ঠানের উদ্দেশ্যসহ স্মার্ট বাংলাদেশ, বাল্যবিবাহ, আত্মহত্যা প্রভৃতি বিষয় তুলে ধরে স্বাগত বক্তব্য প্রদান করেন জেলা তথ্য অফিসার আবুবকর সিদ্দীক।

প্রধান অতিথির বক্তব্যে সংসদ সদস্য খালেদা খানম বলেন, স্মার্ট বাংলাদেশ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত নতুন এক উন্নয়ন দর্শন। এটি এমন এক উন্নয়ন দর্শন যেখানে প্রযুক্তিকে কাজে লাগিয়ে দুর্নীতিমুক্ত একটি রাষ্ট্র বিনির্মাণ করা হবে এবং ভোগান্তি ছাড়া প্রত্যেক নাগরিক পাবে অধিকারের নিশ্চয়তা এবং কর্তব্য পালনের সুবর্ণ এক সুযোগ। এই স্মার্ট বাংলাদেশের চারটি ভিত্তি থাকবে সেগলি হলো- স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকনোমি, স্মার্ট গভর্নমেন্ট ও স্মার্ট সোসাইটি। মূলত স্মার্ট সিটিজেন গড়ে তুলতে পারলেই পরবর্তী ভিত্তিগুলি রচনা করা সম্ভব হবে। ইতোমধ্যে ডিজিটাল বাংলাদেশ গড়ার মধ্য দিয়ে স্মার্ট গভর্নমেন্টের শক্ত ভিত্তি রচিত হয়েছে। সময়ের সাথে সাথে এই প্রক্রিয়া আরো শক্তিশালী হবে। তিনি স্মার্ট সিটিজেন গড়ে তোলার জন্য ছেলে-মেয়েদেরকে আধুনিক তথ্য-প্রযুক্তিতে দক্ষ করে গড়ে তোলার উপর গুরুত্ব আরোপ

করেন।

এছাড়া সমাজ থেকে বাল্যবিবাহ, মাদক ও আত্মহত্যা প্রতিরোধে তিনি সকলকে সোচ্চার ভূমিকা রাখার আহবান জানান।
মহিলা সমাবেশে বিভিন্ন শ্রেণি পেশার তিন শতাধিক মহিলা অংশগ্রহণ করেন।

গাংনীতে তথ্য অফিসে আয়োজনে মহিলা সমাবেশ অনুষ্ঠিত

গাংনীর হোগল বাড়িয়া মহাম্মাদপুর হাজী ভরষ উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়ে মহান মুক্তিযুদ্ধের চেতনায় উন্নত সমৃদ্ধ ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ এবং বিভিন্ন সামাজিক ইস্যুতে জনগণকে সচেতন করার লক্ষ্যে মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল দশটায় সময় জেলা তথ্য অফিসের আয়োজনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা তথ্য অফিসার মোঃ আব্দুল্লাহ আল মামুনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মোছাঃ রনী খাতুন।

সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাজী ভরষ উদ্দিন মহাম্মাদপুর মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি আবু ছালে মোঃ নাজমুল হক সাগর।

এসময় প্রধান অতিথি তার বক্তব্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে জনগণকে জ্ঞান-সমৃদ্ধ মানুষ হয়ে স্মার্ট আচরণগত পরিবর্তনের উপর গুরুত্ব আরোপ করেন।

এ ছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, কৃষি বিপণন কর্মকর্তা তারিকুল ইসলাম, হাজী ভরষ উদ্দিন মহাম্মাদপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রফিকুল ইসলাম এবং ৫ নং মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ

সোহেল আহমেদ ।

এ সময় জেলা তথ্য অফিসার প্রান্তিক পর্যায়ের মানুষদের সরকারের বিভিন্ন উন্নয়নমূলক জনবান্ধব পদক্ষেপের বিষয়ে বক্তব্য তুলে ধরেন। তিনি মহান মুক্তিযুদ্ধের চেতনা সমুন্নত রাখতে জনগণকে আহ্বান জানান এবং গুজব ও অপপ্রচার প্রতিহত করতে জনগণকে সচেতন থাকতে অনুরোধ করেন। আগত অভিভাবকদের সন্তানদেরকে বাল্যবিবাহ না দিতে এবং সামাজিক যোগাযোগ মাধ্যমের সঠিক ব্যবহার করার উপর গুরুত্ব আরোপ করেন।

সর্বশেষ জেলা তথ্য অফিস মেহেরপুর এর পক্ষ থেকে বিদ্যালয়ের নবম ও দশম শ্রেণীর ছাত্রীদের কে বাল্যবিবাহ প্রতিরোধ, সরকারের বিভিন্ন জন্য বান্ধব কার্যক্রম এবং বঙ্গবন্ধুর জীবন ও কর্ম নিয়ে তথ্যচিত্র প্রদর্শন করা হয়।

ঝিনাইদহ তথ্য অফিসের আয়োজনে মহিলা সমাবেশ

শেখ হাসিনার বিশেষ উদ্যোগ ব্র্যান্ডিং বিষয়ে উদ্ভাবনীমূলক প্রচার কর্মসূচির আওতায় ঝিনাইদহ জেলা তথ্য অফিসের আয়োজনে কালীগঞ্জ উপজেলার দুলাল মুন্দিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়।

কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার ইসরাত জাহানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ মহিলা সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৪ আসনের জাতীয় সংসদ সদস্য মোঃ আনোয়ারুল আজীম (আনার)। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক মোঃ রিয়াজুল আলম খান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মোছাঃ তাসলিমা বেগম ও সহকারী উপজেলা শিক্ষা অফিসার মোঃ মাজেদুর রহমান। জেলা তথ্য অফিসার মোঃ আবুবকর সিদ্দীক অনুষ্ঠানের উদ্দেশ্য ও প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগের গুরুত্ব তুলে ধরে স্বাগত বক্তব্য প্রদান করেন।

প্রধান অতিথির বক্তব্যে জাতীয় সংসদ সদস্য আনোয়ারুল আজীম (আনার) বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে নিরলস কাজ করে যাচ্ছেন। বিশেষ করে প্রান্তিক পর্যায়ের দরিদ্র-অসহায় মানুষের ভাগ্য উন্নয়নে তিনি নানামূখী উদ্যোগ গ্রহণ করেছেন। তিনি বলেন, প্রধানমন্ত্রীর মস্তিস্কপ্রসূত আমার বাড়ি আমার খামার, আশ্রয়ন, ডিজিটাল বাংলাদেশ, শিক্ষা সহায়তা কর্মসূচি, ঘরে ঘরে বিদ্যুৎ, নারীর ক্ষমতায়ন, সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি, কমিউনিটি ক্লিনিক ও মানসিক স্বাস্থ্য, বিনিয়োগ বিকাশ ও পরিবেশ সুরক্ষা উদ্যোগসমূহ ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ বিনির্মাণে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তিনি প্রধানমন্ত্রী ঘোষিত উন্নত, সমৃদ্ধ ও স্মার্ট বাংলাদেশ গড়ে তোলার জন্য সকলকে এগিয়ে আসার আহবান জানান। এছাড়া বাল্যবিবাহ ও আত্মহত্যা প্রতিরোধে সকলকে সোচ্চার হওয়ার জন্য অনুরোধ জানান।

অন্যান্যের মধ্যে দুলাল মুন্দিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিহার সুলতানা বক্তব্য প্রদান করেন। এ মহিলা সমাবেশ বিভিন্ন শ্রেণি-পেশার দুই শতাধিক মহিলা অংশগ্রহণ করেন।

মুজিবনগরে ‘গ্রামীণ জনগোষ্ঠীর উন্নয়নে প্রচার কার্যক্রম শক্তিশালীকরণ’ শীর্ষক মহিলা সমাবেশ

মেহেরপুরের মুজিবনগরে ‘গ্রামীণ জনগোষ্ঠীর উন্নয়নে প্রচার কার্যক্রম শক্তিশালীকরণ’ প্রকল্পের আওতায় মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১১টার দিকে উপজেলার গৌরিনগর সরকারি প্রাথমিক বিদ্যালয় হলরুমে এ সমাবেশের আয়োজন জেলা তথ্য অফিস।

জেলা তথ্য অফিসার এলিন সাঈদ-উর রহমানের সভাপতিত্বে মহিলা সমাবেশে প্রধান অতিথি ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ উসমান গনি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা শিক্ষা কর্মকর্তা বেলায়েত হোসেন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মোঃ তাজুল ইসলা।

সমাবেশে প্রধান অতিথি উসমান গনি বলেন “উন্নয়নের সাথে সাথে মানুষের জীবন যাত্রার মানও উন্নত হচ্ছে। এখন মানুষের ঘরে ঘরে বিদ্যুৎ, হাড়ির পরিবর্তে গ্রামের নারীরাও এখন প্রেসার কুকার, রাইচ কুকার ব্যবহার করছেন। এভাবে প্রতিটা ব্যক্তিগত উন্নয়নের সাথে সাথে দেশের সামগ্রিক উন্নয়ন হচ্ছে”।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন আলাউদ্দীন, উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তিা আলাউদ্দিন, বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ শামারুল ইসলাম , অন্যান্য শিক্ষক, শিক্ষিকাবৃন্দ। সমাবেশে এলাকার মহিলা অংশ নেন।